আবূ যার থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওযাসাল্লাম বলেছেন, “যখন তোমাদের কেউ সালাতে দাঁড়ায়, তখন যদি তার সামনে শিবিকার খুঁটির ন্যায় কোন জিনিস থাকে সেটা তাকে আড়াল করে রাখবে। আর যদি শিবিকার খুঁটির ন্যায় কোন জিনিস না থাকে তখন নারী, গাধা ও কালো বর্ণের কুকুর তার সলাত নষ্ট করে দেয়। আমি বললাম, হে আবূ যার! লাল ও হলদে বর্ণের কুকুর থেকে কালো বর্ণের কুকুরের পার্থক্য কি? তিনি বলেন, হে ভাতিজা, তুমি আমাকে যেরূপ জিজ্ঞেস করলে আমিও রসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামকে তদ্রুপ জিজ্ঞেস করেছিলাম। তিনি বললেন, “কালো কুকুর হলো শয়তান।” সহীহ মুসলিম। অপর একটি হাদীসে এসেছে—“ঋতুবতী নারী ও কুকুর সালাত নষ্ট করে দেয়।” সুনানু আবূ দাউদ।

আবূ যার থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওযাসাল্লাম বলেছেন, “যখন তোমাদের কেউ সালাতে দাঁড়ায়, তখন যদি তার সামনে শিবিকার খুঁটির ন্যায় কোন জিনিস থাকে সেটা তাকে আড়াল করে রাখবে। আর যদি শিবিকার খুঁটির ন্যায় কোন জিনিস না থাকে তখন নারী, গাধা ও কালো বর্ণের কুকুর তার সলাত নষ্ট করে দেয়। আমি বললাম, হে আবূ যার! লাল ও হলদে বর্ণের কুকুর থেকে কালো বর্ণের কুকুরের পার্থক্য কি? তিনি বলেন, হে ভাতিজা,
তুমি আমাকে যেরূপ জিজ্ঞেস করলে আমিও রসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামকে তদ্রুপ জিজ্ঞেস করেছিলাম। তিনি বললেন, “কালো কুকুর হলো শয়তান।” অপর একটি হাদীসে এসেছে—“ঋতুবতী নারী ও কুকুর সালাত নষ্ট করে দেয়।” [সহীহ] [এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন। - এটি মুসলিম বর্ণনা করেছেন।]

যখন তোমাদের কেউ সালাতে দাঁড়ায় সে যেন তার সালাতের সুরক্ষার জন্য এমন একটি সুতরাহ খাড়া করায় যার উচ্চতা শিবিকার খুঁটির ন্যায় হবে। আর তা হলো এক বাহুর তিনভাগের দুই ভাগ পরিমাণ একটি লাঠি তার সামনে থাকবে। যদি তা না করে তখন তিনটির যে কোন একটি তার সালাত নষ্ট করে দেবে: নারী, আবূ দাউদের বর্ণনায় নারীকে ঋতুবতী অর্থাৎ প্রাপ্ত বয়স্ক হওয়ার শর্তারোপ করা হয়েছে, গাধা ও কালো বর্ণের কুকুর। যদি সামনে সুতরা স্থাপন করা হয়, তার বাহির দিয়ে যা কিছুই অতিক্রম করুক না কেন তাতে তার সালাতের কোন ক্ষতি হবে না। যদিও এ তিনটি হতে কোন একটি হয়। হাদীসের বর্ণনাকারী আব্দুল্লাহ ইবন সামেত বলেন, আমি বললাম, হে আবূ যার! লাল ও হলদে বর্ণের কুকুর থেকে কালো বর্ণের কুকুরের পার্থক্য কি? অর্থাৎ অন্যান্য কুকুর বাদ দিয়ে কালো বর্ণের কুকুরকে কেন সালাত নষ্টের জন্য বিশেষ করা হলো। তিনি বললেন, হে ভাতিজা! তুমি আমাকে যেরূপ জিজ্ঞেস করলে আমিও রসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি

ওয়াসাল্লামকে তদ্রুপ জিজ্ঞেস করেছিলাম। তিনি বললেন, কালো কুকুর হলো শয়তান। এখানে সালাত কেঁটে দেওয়ার অর্থ বাতিল করে দেওয়া। এরূপ মত পোষণ করেই লুজনাহ দায়েমাহ ফাতওয়াহ প্রদান করেছেন। কোন কোন আলেম বলেছেন, এ দ্বারা উদ্দেশ্য সালাতের মনোযোগ ও পরিপূর্ণতা নষ্ট করবে। সালাত বাতিল ও নষ্ট হয়ে যাওয়া উদ্দেশ্য নয়।

http://www.sunnah.global/hadeeth/bn/show/10870